

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

৩০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৪ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০১.২৪.২৩২৬

বিষয়: আশুগঞ্জ সাইলো হতে চট্টগ্রাম সাইলোতে ওয়ারেন্টি অনুযায়ী ৫০ কেজি ধারণক্ষম নতুন ১,০০,০০০ পিস খালিবস্তার চলাচল সূচি

সূত্র: ১। সাইলো অধিকার কার্যালয়, চট্টগ্রাম সাইলো, চট্টগ্রাম ১৩-০৮-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০০৮.৪৭.০০১.১০.৩১৫৯ নং স্মারক

২। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ১৩-০৬-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৩২.০০১.২৪.২০৮৪ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জি টু জি ও সরকারের নগদ ক্রয়ের আওতায় গমবাহী জাহাজ হতে চট্টগ্রাম সাইলোতে খালাস কার্যক্রম চলমান রয়েছে। জাহাজ খালাস কার্যক্রম নির্বাহ করতে Storage Space সৃষ্টির লক্ষ্যে উক্ত সাইলো হতে বিভিন্ন সাইলো, এলএসডি ও সিএসডিতে বস্তাবন্দি গম প্রেরণ করতে হবে এবং সে মোতাবেক বর্তমানে চলাচল সূচি জারি আছে। ১৩-০৮-২০২৪ খ্রি. তারিখে চট্টগ্রাম সাইলোতে খালি বস্তার মজুত ৫,৯৭১ পিস। জাহাজ খালাস এবং চলাচল সূচি নির্বাহ রাখার স্বার্থে নতুন খালি বস্তার প্রয়োজন পড়বে। বর্তমান চলাচল সূচির গম খালিবস্তার অভাবে বিভিন্ন কেন্দ্রে প্রেরণে বিঘ্নিত হওয়ার আশংকা রয়েছে। চট্টগ্রাম সাইলোর বিতরণ কার্যক্রম চলমান রাখতে ৫০ কেজি ধারণক্ষমতার ২০,০০,০০০ পিস খালিবস্তা জরুরিভিত্তিতে সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাইলো অধীক্ষক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। এমতাবস্থায়, সাইলো অধীক্ষক, চট্টগ্রাম এর অনুরোধের প্রেক্ষিতে চট্টগ্রাম সাইলোর বিতরণ কার্যক্রম চলমান রাখতে আশুগঞ্জ সাইলো হতে চট্টগ্রাম সাইলোতে ওয়ারেন্টি অনুযায়ী ৫০ কেজি ধারণক্ষম ১,০০,০০০ পিস নতুন খালিবস্তার চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে জারি করা হলো। এছাড়া সূত্রস্থ ২ নং স্মারকে ব্যবহার উপযোগী খালিবস্তা যথাযথভাবে সংরক্ষণ ও ব্যবহারে দিক নির্দেশনাসমূহ পালন করার জন্য অনুরোধ করা হলো।

সড়ক পথে খালি বস্তার চলাচলসূচিঃ

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	৫০ কেজি ধারণক্ষম খালিবস্তা (পিস)	রুট	মন্তব্য
১.	ব্রাহ্মণবাড়িয়া	আশুগঞ্জ সাইলো	চট্টগ্রাম	চট্টগ্রাম সাইলো	১০০০০০	সড়ক পথ	চসনি, চট্টগ্রাম উপসূচি জারি করবেন
				মোট =	১০০০০০		

নির্দেশনাসমূহ:

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি/র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। প্রেরণ কেন্দ্র কর্তৃক বস্তার গুণগতমান এবং বস্তা পুরাতন না কি নতুন তা সুস্পষ্টভাবে ওজনসহ ভি-ইনভয়েসে উল্লেখ করতে হবে।

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য বস্তা সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকের প্রতিনিধি/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি)/সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক যাচাইকৃত হতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন হেঁড়া/ফাটা এবং ব্যবহার অনুপযোগী বস্তা প্রেরণ করা যাবে না। প্রতিটি ট্রাক-এ প্রেরিত বস্তা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহনকৃত বস্তার ট্রাকের সীলগালা অক্ষত আছে কি না তা পরখ করে প্রাপক কেন্দ্র ট্রাক আনলোড করবেন। কিন্তু পথিমধ্যে বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) বস্তা পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। বস্তা প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন।

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত বস্তা প্রাপক কেন্দ্র বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। এ সূচির মেয়াদ ২১-০৮-২০২৪ খ্রি. পর্যন্ত বলবৎ থাকবে।

১২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১৪-০৮-২০২৪

মোঃ এহসানুল হক

সহকারী খাদ্য নিয়ন্ত্রক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম;

২। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া এবং

৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের দপ্তর, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

স্মারক নম্বর:

৩০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১৪ আগস্ট ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৩। সাইলো অধীক্ষক, সাইলো অধীক্ষকের দপ্তর, সাইলো অধীক্ষকের কার্যালয়, চট্টগ্রাম;
- ৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো) এবং
- ৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।



১৪-০৮-২০২৪

মোঃ এহসানুল হক
সহকারী খাদ্য নিয়ন্ত্রক